রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৫ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৫, ২০১৫

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৭৯—১৮৩ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩০৭—৩৫৫ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৮১—৪১০ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**নবনিয়োগ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ মাঘ ১৪২১/২১ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.১৪৭.৩১.০১০.১২-১৪**—৩১তম বি.সি.এস পরীক্ষা, ২০১১ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ৩০-০৭-২০১২ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৪.২০১১-১৫৭ নং পত্রের সুপারিশক্রমে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-১২-২০১২ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩১.০১০.১২-২৯০ নং প্রজ্ঞাপনমূলে বি.সি.এস, (শুল্ক ও আবগারি) ক্যাডারে সহকারী কমিশনার (শুল্ক ও আবগারি) হিসেবে জনাব মইনুল ইসলাম (রেজিস্ট্রেশন নম্বর-০২৭৮৭৬)-কে নিয়োগ প্রদান করা হয়। সরকারি কর্ম কমিশন কর্তৃক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি শর্ত ভঙ্গ করে অসদুপায়, জালিয়াতি ও প্রতারণার আশ্রয় গ্রহণ করে অন্য মুক্তিযোদ্ধার সনদ নিজের পিতার মুক্তিযোদ্ধার সনদ হিসেবে দাখিল করে মুক্তিযোদ্ধা কোটায় চাকরি গ্রহণের বিষয় সরকারি কর্ম কমিশন ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্ম কমিশনের সুপারিশ এবং নিয়োগ প্রজ্ঞাপনের ১ (গ) এর শর্তানুযায়ী জনাব মইনুল ইসলামকে চাকরি হতে অপসারণ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**প্রশাসন-৩ শাখা**

**পরিপত্র**

তারিখ, ১৮ পৌষ ১৪২১/১ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.১১২.১৮.০২৮.০৭-০২**—প্রশাসনে গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাদের অর্জিত ছুটি, মাতৃত্বকালীন ছুটি, শ্রান্তি ও বিনোদন ছুটি, সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুরি এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা এর উপর নিম্নরূপভাবে অর্পণ করা হলো ঃ

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | বিভাগীয় কমিশনার | জেলা প্রশাসক | উপজেলা নির্বাহী অফিসার |
| (১) | বিএসআর এর বিধি-১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭" অনুযায়ী ব্যক্তিগত/পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি | (ক) নিজ কার্যালয়ের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা<br>(খ) জেলা ও উপজেলা পর্যায়ের পঞ্চম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা | নিজ কার্যালয়ের এবং নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং নিজ কার্যালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা | নিজ কার্যালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা |
| (২) | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তিবিনোদন ছুটি মঞ্জুরি | (ক) নিজ কার্যালয়ের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা<br>(খ) জেলা ও উপজেলা পর্যায়ের পঞ্চম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা | নিজ কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত অফিস প্রধান | নিজ কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা |
| (৩) | বিএসআর-এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১" অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি | (ক) নিজ কার্যালয়ের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা<br>(খ) জেলা ও উপজেলা পর্যায়ের পঞ্চম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা | নিজ কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত অফিস প্রধান | নিজ কার্যালয়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা |
| (৪) | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/পারিবারিক পেনশন ও অবসর প্রদান (গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২)" ব্যতীত) | নিজ কার্যালয়ে সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা | নিজ কার্যালয়ে এবং নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ের কার্যালয়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা | - |

২। এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণ করতে হবে ঃ

(ক) ছুটির আবেদনের অনুলিপি আবেদনকারী কর্মকর্তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) ছুটিকালীন বিকল্প কর্মকর্তা নিশ্চিত করে ছুটি মঞ্জুর করতে হবে।

(গ) ছুটি মঞ্জুরের অনুলিপি নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**মাঠ প্রশাসন-১ শাখা**

**আদেশ**

তারিখ, ৫ মাঘ ১৪২১/১৮ জানুয়ারি ২০১৫

নং ০৫.০০.০০০০.১৩৭.১৮.০৩৯.১০-২৬—যেহেতু, জনাব মোহাম্মদ শাহাদাৎ হোসেন (১৫১৭১), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম [প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), মাধবপুর, হবিগঞ্জ]-কে গত ১৮-০২-২০০৭ তারিখ হতে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা নম্বর-১৯/২০০৭ (মাধবপুর থানা) দায়ের করা হয়;

যেহেতু, গত ২১-০৮-২০০৮ তারিখে তাঁকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হয় এবং গত ০৪-১১-২০১২ তারিখে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক তাঁকে পূর্বপদে বহাল করা হয়; এবং

যেহেতু, দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলার সকল কার্যক্রম গত ০৪-০৬-২০১৪ তারিখে আদালত কর্তৃক বাতিল করা হয়েছে;

সেহেতু, বিএসআর (প্রথম খণ্ড) এর বিধি-৭২ (ক) অনুসারে জনাব মোহাম্মদ শাহাদাৎ হোসেন (১৫১৭১) এর সাময়িক বরখাস্তকাল (১৮-০২-২০০৭) হতে ০৩-১১-২০১২ পর্যন্ত) কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক বরখাস্তকালীন পাওনাদি প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড.কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## সংস্কার, গবেষণা ও আইন অনুবিভাগ
## পরিসংখ্যান ও গবেষণা কোষ

### প্রজ্ঞাপন

তারিখ, ২৭ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.২০৬.১৬.০০৬.১৪-১৭**—সরকারি কর্ম-পদ্ধতিতে আধুনিকায়ন এবং সরকারি কার্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহার নিশ্চিত করিবার লক্ষ্যে সরকার ইতোমধ্যে সচিবালয় নির্দেশমালা ২০১৪ প্রণয়ন করিয়াছে। সচিবালয় নির্দেশমালা-২০১৪ তে নথি ব্যবস্থাপনা, সরকারি যোগাযোগ, রেকর্ড সংরক্ষণ ইত্যাদি বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার অন্তর্ভুক্ত করা হইয়াছে। ফলে দাপ্তরিক কার্যে গতি বৃদ্ধি, স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং নাগরিক সেবায় ইতিবাচক পরিবর্তন আসিবে বলিয়া আশা করা যায়। "সচিবালয় নির্দেশমালা-২০১৪" সুচারুভাবে বাস্তবায়নের মাধ্যমে PAPERLESS OFFICE চালুর মাধ্যমে সরকারের ভিশন-২০২১ এর কাঙ্খিত অগ্রযাত্রায় দাপ্তরিক কার্যে ইলেকট্রনিক পদ্ধতি চালুর মাধ্যমে সহায়ক ভূমিকা পালন করিবে এবং সরকারি কার্যে সমরূপতা (Uniformity) আনয়ন করা সম্ভব হইবে। তাই সকল মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর, সংস্থা ইত্যাদিসহ বিভাগীয় ও জেলা পর্যায়ের দপ্তর ও তাদের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সচিবালয় নির্দেশমালা-২০১৪ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় সচেতনতামূলক কার্যক্রম যেমন, প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন এবং এই ধরনের কার্যের অগ্রগতি পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়নসহ প্রয়োজনীয় সুপারিশমালা প্রদান করিবার জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হইল ঃ

**(ক) কমিটি :—**

**আহ্বায়ক**

(১) জনাব মোঃ ইব্রাহীম হোসেন খান, অতিরিক্ত সচিব। সংস্কার, গবেষণা ও আইন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) **ড. এসএমএস সানাউল হক (উপসচিব)** Capacity Development Specialist, Access to Information (a2i) Programme-ll, Prime Ministers' Office, Dhaka.

(৩) **ড. মোঃ আবদুল মান্নান (উপসচিব)** Director, E-services, Access to Information (a2i) Programme-ll, Prime Ministers' Office, Dhaka.

(৪) **জনাব আলতাফ হোসেন শেখ** (সিনিয়র সহকারী সচিব) Consultant, National Portal Implemen-tation, Prime Ministers' Office, Dhaka.

(৫) **জনাব মোঃ মোসলেহ উদ্দিন,** সিনিয়র সিস্টেম এনালিস্ট, লোকপ্রশাসন কম্পিউটার সেন্টার (PACC), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৬) **ড. মোঃ শাহাদাৎ হোসেন,** উপসচিব, পরিসংখ্যান ও গবেষণা কোষ, ভবন নং-২, কক্ষ নং-২, চতুর্থ তলা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**(খ) কমিটির কর্মপরিধি :**

কমিটির সকল মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর, সংস্থা, বিভাগ ও জেলা পর্যায়ের সকল দপ্তর ও তাদের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসহ সকল প্রতিষ্ঠানে "সচিবালয় নির্দেশমালা-২০১৪" বাস্তবায়নের লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম, প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন ও কার্যের অগ্রগতি পর্যবেক্ষণের মাধ্যমে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করিবে।

২। Access to Information (a2i) Programme, প্রধানমন্ত্রীর কার্যালয় কমিটিকে সার্বিক আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ শাহাদাৎ হোসেন**
উপসচিব।

---

## পরিকল্পনা কোষ-১

### প্রজ্ঞাপন

তারিখ, ৮ মাঘ ১৪২১/২১ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.২০৭.০৬.০৩৯.১৪-২২**—বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও বাসভবন নির্মাণ/সম্প্রসারণে বাস্তবতার নিরিখে বিদ্যমান আয়তন বৃদ্ধি ও যুগোপযোগী সুযোগ সুবিধা নিশ্চিতকরণের জন্য সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স, মন্ত্রিপরিষদ বিভাগের ১৭৩ তম সভার সিদ্ধান্ত অনুসারে নিম্নরূপ কমিটি গঠন করা হল ঃ

**(ক) কমিটির গঠন ঃ—**

**আহ্বায়ক**

(১) যুগ্মসচিব (উন্নয়ন), জনপ্রশাসন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি

(৩) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৪) ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি।

(৫) গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি

(৬) স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি

(৭) নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৮) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা কোষ-১, জনপ্রশাসন মন্ত্রণালয়।

**(খ) কমিটির কার্যপরিধি :**

(১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও বাসভবন নির্মাণ/সম্প্রসারণে বাস্তবতার নিরিখে বিদ্যমান আয়তন বৃদ্ধি ও যুগোপযোগী সুযোগ সুবিধা নিশ্চিতকরণের জন্য সুপারিশমালা প্রণয়ন করবে;

(২) প্রয়োজনবোধে এ কমিটি নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শারমিনা হাসিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিকল্পনা কোষ-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৩ পৌষ ১৪২১/০৬ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.২৩৯.২১.০০২.২০০৭ (অংশ)-২৪৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন সমাপ্ত "কক্সবাজারে বিয়াম ফাউন্ডেশনের আঞ্চলিক কেন্দ্র স্থাপনসহ বিয়াম ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ" শীর্ষক প্রকল্পটির ভৌত কাজের ক্রটিসমূহ খতিয়ে দেখার জন্য নিম্নরূপ সদস্যদের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) মাহমুদা শারমীন বেনু এনডিসি, যুগ্মসচিব (পরিকল্পনা), জনপ্রশাসন মন্ত্রণালয়।

**সদস্য**

(২) গণপূর্ত বিভাগের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৩) জনাব এ, এস, এম অদুদুর রহমান, সহকারী প্রধান, পরিকল্পনা কোষ-২, জনপ্রশাসন মন্ত্রণালয়।

২। **গঠিত কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(১) আলোচ্য প্রকল্পটির পূর্ত নির্মাণ কাজে অনিয়ম, গাফিলতি ও ক্রটিসমূহ নির্ণয় ও সমাধানের সুপারিশ;

(২) কমিটি আগামী ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করবেন।

(৩) বিয়াম ফাউন্ডেশনের প্রতিনিধি উক্ত কমিটিকে প্রয়োজনীয় তথ্য প্রদানে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

তারিখ, ৯ মাঘ ১৪২১/২২ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.২৩৯.১৪.০৩০.২০১১-২৭৩**—JICA-এর আর্থিক সহায়তায় বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের আওতাধীন Improving Public Services Through Total Quality Management (IPS-TQM) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের অনুমোদিত প্রকল্প দলিল মোতাবেক নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি Steering Committee গঠন করা হলো ঃ

**চেয়ারপারসন**

(১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

**কো-চেয়ারপারসন**

(২) রেক্টর, বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

**সদস্যবৃন্দ**

(৩) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

(৪) যুগ্মসচিব (উন্নয়ন), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৫) উপসচিব (জাপান-২), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৬) উপসচিব/প্রধান, পরিকল্পনা কমিশন

(৭) উপসচিব/প্রধান, আইএমইডি

(৮) সহকারী প্রধান, পরিকল্পনা কোষ-২, জনপ্রশাসন মন্ত্রণালয়।

(৯) বার্ড-এর একজন প্রতিনিধি

(১০) নায়েম-এর একজন প্রতিনিধি

(১১) জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমীর একজন প্রতিনিধি

(১২) আরডিএ-এর একজন প্রতিনিধি

(১৩) এনআইএলজি এর একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১৪) প্রকল্প পরিচালক, IPS-TQM প্রকল্প

**পর্যবেক্ষকবৃন্দ**

(১৫) প্রতিনিধি, জাইকা বাংলাদেশ অফিস

(১৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাইকা বাংলাদেশ অফিস

(১৭) বিশেষজ্ঞ, IPS-TQM প্রকল্প

২। **গঠিত কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

(১) প্রকল্পের সার্বিক অগ্রগতি ও অর্জনসমূহ পর্যালোচনা করা;

(২) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত গুরুত্বপূর্ণ বিষয়গুলোর উপর মতবিনিময় করা;

(৩) প্রয়োজনবোধে প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সহায়তা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, এস, এম অদুদুর রহমান**
সহকারী প্রধান।

**অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ পৌষ ১৪২১/৮ জানুয়ারি ২০১৫

**নং ০৫.০০.০০০০.২০০.২৫.২৩.১৪-১৬**—ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকায় ২৬-০১-২০১৪ হতে ১৮-১২-২০১৪ মেয়াদে অনুষ্ঠিত এনডিসি-২০১৪ কোর্সে নিম্নবর্ণিত যুগ্মসচিব/সমপর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন ঃ

| ক্রমিক নং | নাম ও পরিচিতি নম্বর (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|---|
| (১) | জনাব এ এ এম নছিহুল কামাল (৩৫৬৯) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (২) | ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল (৪০২৪) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (৩) | ড. ইয়ামীন আকবরী (৪৬৪৩) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (৪) | বেগম হোসনে আরা (৪৬৬৬) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (৫) | ড. সৈয়দ আবু আসাদ (৪৬৯৬) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (৬) | জনাব রহমত উল্লাহ মোঃ দস্তগীর (৪৮২০) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (৭) | জনাব শাওলী সুমন (৪৯৫৮) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (৮) | জনাব মোঃ হেলাল উদ্দিন (৫৩২৮) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (৯) | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন (৫৩৪৯) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (১০) | ডাঃ মোঃ জাকির হোসেন (৭৩৬৩) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| (১১) | ড. মোল্লা জালাল উদ্দিন (৭৪৮৪) | যুগ্ম-সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়। |

২। উল্লিখিত কর্মকর্তাগণ ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১৪ সফলভাবে সমাপ্ত করেছেন।

৩। ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১৪ সফলভাবে সমাপ্ত করায় উল্লিখিত কর্মকর্তাগণকে তাঁদের নামের সাথে **"এনডিসি"** প্রতীক ব্যবহারের অনুমতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা মাছুমা খানম**
সিনিয়র সহকারী সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ মাঘ ১৪২১/০৫ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩৩.০১.০০০০.১১৮.১৮.০০৪.০৬-৭০**—মন্ত্রিপরিষদ বিভাগে গত ২০-০২-২০১৪ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ৬ষ্ঠ সভার সুপারিশ, জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৮-১২-২০১৪ তারিখের ০৫.০২.০০০২.১৫৭.২৮.০২২.৯৯-২৯১ স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ২৫-০১-২০১৫ তারিখের ০৭.১৫৪.০২৮.৩৩.০০.০০১.২০১৪.৩২ স্মারকের সম্মতির প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকা চিড়িয়াখানা (Dhaka Zoo) এর নাম পরিবর্তন করে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা (Bangladesh National Zoo) হিসেবে নামকরণ করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে, এফ, এম, জেসমীন আখতার**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ০২ জুলাই ২০১৪

**নং বিচার-৭/২এন-০৯/৮৮-৩৫২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব আলহাজ্ব মুহাম্মদ আব্দুল জলিল, পিতা আলহাজ্ব মুহাম্মদ শরিয়ত উল্লাহ, প্রযত্নে-বদিউল আলমের বাড়ী, গ্রাম আকুবদন্ডী, ডাকঘর হাওলা শরীফ, উপজেলা বোয়ালখালী, জেলা চট্টগ্রাম।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলার ৬নং পোপাদিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।